

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮১৬ ২৭/ শিষ্টাচার (كتاب الأدب) পরিচ্ছেদঃ ২৭/৫৭. ক্ষমা প্রার্থনা

باب الاستغفار

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ مُغِيرَةَ بْنِ أَبِي الْحُرِّ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي بُرْدَةَ بْنِ أَبِي مُوسَى، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " إِنِّي لَأُسْتَغْفِرُ اللَّهَ وَأَتُوبُ إِلَيْهِ فِي الْيَوْمِ سَبْعِينَ مَرَّةً " .

বাংলা

৩/৩৮১৬। আবূ মূসা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিশ্চয় আমি দৈনিক সত্তরবার আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করি এবং তওবা করি।

English

It was narrated from Sa'eed bin Abu Burdah bin Abu Musa, from his father, that:

his grandfather said: "The Messenger of Allah (saas) said: 'I seek the forgivenenss of Allah and repent to Him seventy times each day.'"

ফুটনোট

আহমাদ ২২৮২৯। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুগীরাহ বিন আবুল হুর সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তার মাঝে কোন সমস্যা নেই। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। ইমাম বুখারী বলেন, তিনি সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। আহমাদ বিন হাম্বল বলেন, ইবরাহীম থেকে এককভাবে যে রেওয়ায়াত বর্ণনা করেছেন সেখানে তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬১২৪, ২৮/৩৫৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন